

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ

স্মারক নং- ০৫.৪৬.৯০৪৭.০০০.০২.১০৯.২৫-১৩৯

তারিখ : ২০/০১/২০২৬ খ্রি.

হাট বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি-০১/২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন ভূমি মন্ত্রণালয়ের ০৬ অক্টোবর ২০২৫ তারিখের প্রকাশিত হাট বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা মোতাবেক নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩৩ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হতে উল্লিখিত তারিখ ও সময়ে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্তে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী www.jagannathpur.sunamganj.gov.bd ওয়েবসাইট ও অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি :

দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময়)	দরপত্র দাখিলের তারিখ ও সময় (বেলা- ১.০০ ঘটিকা)	দরপত্র বাস্তব খেলার তারিখ ও সময় (বিকাল-৩.৩০ ঘটিকা)	মন্তব্য
১৬/০২/২০২৬ খ্রি.	১৭/০২/২০২৬ খ্রি.	১৭/০২/২০২৬ খ্রি.	১ম পর্যায়
২৫/০২/২০২৬ খ্রি.	২৬/০২/২০২৬ খ্রি.	২৬/০২/২০২৬ খ্রি.	২য় পর্যায়
০৪/০৩/২০২৬ খ্রি.	০৫/০৩/২০২৬ খ্রি.	০৫/০৩/২০২৬ খ্রি.	৩য় পর্যায়

১৪৩৩ বাংলা সনে ইজারায়োগ্য হাট-বাজারের তালিকা :

ক্রঃ নং	হাট বাজারের নাম	কাজিত সরকারি ইজারামূল্য	সিডিউল মূল্য	ক্রঃ নং	হাট বাজারের নাম	কাজিত সরকারি ইজারামূল্য	সিডিউল মূল্য
১	রসুলগঞ্জ বাজার	৮৫,০১,৪৭৮/-	১৭,৮০০/-	১৬	শান্তিগঞ্জ বাজার	-	৫০০/-
২	লামা রসুলগঞ্জ বাজার	৩৫৪/-	৫০০/-	১৭	গোপালগঞ্জ বাজার	-	৫০০/-
৩	এরালিয়া বাজার	১,৫৯০/-	৫০০/-	১৮	জনতা বাজার	-	৫০০/-
৪	মোহাম্মদগঞ্জ বাজার	৫,৮১৩/-	৫০০/-	১৯	শাহারপাড়া বাজার	-	৫০০/-
৫	সাদিপুর বাজার	-	৫০০/-	২০	সৈয়দপুর বাজার	৪,৭৯,০১৬/-	১,৬০০/-
৬	গোবিন্দ বাজার	৪৫,৬১৭/-	৫০০/-	২১	নয়াবন্দর বাজার	৪৪,১৬৭/-	৫০০/-
৭	মিরপুর বাজার	২,৮৬২/-	৫০০/-	২২	বড়ফেচী বাজার	৩৩,৬০২/-	৫০০/-
৮	লামা টুকের বাজার	৩,৩০৪/-	৫০০/-	২৩	কাঠাল খাইড় বাজার	১,০৫০/-	৫০০/-
৯	শ্রীরামসী বাজার	৪,৯১২/-	৫০০/-	২৪	তিলক বাজার	-	৫০০/-
১০	কেউনবাড়ী বাজার	১৭,৬৬৭/-	৫০০/-	২৫	দাওরাই বাজার	৮,৮৩৫/-	৫০০/-
১১	চিলাউড়া বাজার	২৪,৯৪৬/-	৫০০/-	২৬	পাটকুড়া বাজার	-	৫০০/-
১২	গোপরাপুর বাজার	১,৩৯৯/-	৫০০/-	২৭	স্বাধীন বাজার	১,১৯০/-	৫০০/-
১৩	রানীগঞ্জ বাজার	৬৪,১৫,১২০/-	১৩,৬০০/-	২৮	পল্লীগঞ্জ বাজার	১,৩১৯/-	৫০০/-
১৪	শিবগঞ্জ বাজার	২০,৯৪০/-	৫০০/-	২৯	ইনাগঞ্জ বাজার (জগন্নাথপুর অংশ)	২,০৩,৫২০/-	১,২০০/-
১৫	রৌয়াইল বাজার	-	৫০০/-	--	-	-	-

- : দরপত্র দাখিলের শর্তাবলী :-

- ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে হাটবাজার ইজারা দেয়া হবে।
- দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।



চলমান পাতা-০২

৩. উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে।
৪. দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর, উপজেলা ভূমি অফিস, জগন্নাথপুর, সোনালী ব্যাংক, জগন্নাথপুর শাখা, জগন্নাথপুর থানা (পুলিশ স্টেশন) এবং জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) সুনামগঞ্জ থেকে নগদ অফেরতযোগ্য মূল্যে দরপত্র দাখিলের আগের দিন পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) ত্রয় করা যাবে।
৫. সীলমোহরকৃত খামে দরপত্র নির্ধারিত তারিখে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর, উপজেলা ভূমি অফিস, জগন্নাথপুর ও জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) সুনামগঞ্জ এ রক্ষিত দরপত্র বাস্তবে জমা দেয়া যাবে এবং এদিন বেলা ৩.৩০ (তিন টা ত্রিশ) ঘটিকায় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
৬. যার দরপত্র গৃহীত হবে তিনি সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% (আশি ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
৭. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং দাখিলকৃত দর সংশ্লিষ্ট হাট-বাজারের কাঙ্ক্ষিত সরকারি মূল্যের কম হলে দরপত্র গৃহীত হবে না।
৮. এক হাট-বাজারের জন্য ত্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।
৯. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
১০. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা সমান হলে কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১১. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।
১২. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
১৩. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
১৪. ইজারার সমস্ত অর্থ ভ্যাট ও আয়করসহ পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/= টাকার নন জুডিশিয়াল স্টাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১৫. ইজারাদার কর্তৃক নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
১৬. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন বহি সংরক্ষণ করবেন।
১৭. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি ও লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৮. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৯. হাট বাজারের ইজারার টাকা সরকারি পাওনা আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
২০. কোন হাট বাজারের উপর বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে এ হাটের উপর অত্র বিজ্ঞপ্তি কার্যকর হবে না।
২১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



২০.০২.২০২৬

(মোঃ বরকত উল্লাহ)

উপজেলা নির্বাহী অফিসার

জগন্নাথপুর, সুনামগঞ্জ

ই-মেইল: Unojagannathpur@gmail.com

চলমান পাতা-০৩

স্মারক নং- ০৫.৪৬.৯০৪৭.০০০.০২.১০৯.২৫-৩৯(১০০)

তারিখ : ২০/০১/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৪। পুলিশ সুপার, সুনামগঞ্জ।

৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/অতিঃ জেলা ম্যাজিস্ট্রেট), সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য-

৮। উপজেলা নির্বাহী অফিসার..... সুনামগঞ্জ।

৯। সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১০। প্রশাসক, জগন্নাথপুর পৌরসভা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২। উপজেলা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১৩। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, সুনামগঞ্জ।

১৪। চেয়ারম্যান ইউপি (সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ। তাকে তাঁর ইউপি গ্রাম পুলিশের মাধ্যমে স্থানীয় বাজারে বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), ইউনিয়ন ভূমি অফিস, জগন্নাথপুর। তাকে স্থানীয় বাজারে টোল সড়কের মাধ্যমে বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৬। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব/জগন্নাথপুর প্রেসক্লাব/উপজেলা প্রেসক্লাব, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১৭। সভাপতি/সম্পাদক....., বাজার কমিটি পোঃ....., জগন্নাথপুর।

১৮। সম্পাদক, ...। বিজ্ঞপ্তি খুব সংক্ষিপ্ত পরিসরে তার পত্রিকার ভিতরের পৃষ্ঠায় নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে ০১ (এক) দিনের জন্য শুধুমাত্র বিজ্ঞপ্তি মূল অংশ প্রকাশপূর্বক প্রকাশিত সংখ্যার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৯। ওয়েব পোর্টাল, অফিস।

২০। অফিস নথি/ মাষ্টার ফাইল/ নোটিশ বোর্ড।



20.01.2024

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ